

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি


রাঙ্গামাটি সরকারি কলেজে একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তির আবেদনের সময় যারা বিকাশ/রকেট/উপায়/শিওরক্যাশ/এম ক্যাশ প্রদান করেছে তাদেরকে 'নগদ' হিসাব খুলে তথ্যাদি জমাদানের জন্য ইতোপূর্বে বিজ্ঞপ্তি দেয়া সত্ত্বেও কিছু সংখ্যক শিক্ষার্থী অদ্যাবধি জমা দেয়নি। উপবৃত্তির অর্থ শুধু 'নগদ' এর মাধ্যমে বিতরণ করা হবে।

বর্তমানে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে সার্বিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের দাখিলকৃত তথ্যাদি ('নগদ' খুলে) প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে আপডেট করার সময়সীমা আগামী ০৮/০৬/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। তাই যারা বিকাশ/রকেট/উপায়/শিওরক্যাশ/এম ক্যাশ প্রদান করেছে, তাদেরকে 'নগদ' খুলে উক্ত তারিখের মধ্যে কলেজের প্রশাসনিক শাখায় জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল। তবে যারা 'নগদ' হিসাব নম্বর প্রদান করেছে তাদের পুনরায় জমাদানের প্রয়োজন নেই।


উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে উপবৃত্তি সংক্রান্ত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিশেষ দৃষ্টব্যঃ

- ১। পিতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে পিতার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম এন্ট্রি দিতে হবে।
- ২। একইভাবে মাতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে মাতার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম এন্ট্রি দিতে হবে।
- ৩। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোনো ব্যক্তিতে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসেবে নির্বাচন করলে তার NID ব্যবহার করে 'নগদ' খুলতে হবে। এক্ষেত্রে অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে তার নাম এন্ট্রি দিতে হবে।


(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


২৯/৫/২০২৪

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।